



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ৩১.০৭.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: রাজশাহী বিশ্ববিদ্যালয় সংলগ্ন ধরমপুর পূর্বপাড়া এলাকার একটি বাসা থেকে আইন বিভাগের ছাত্রীকে শ্বাসরোধে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতের বিরুদ্ধে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ৩১ জুলাই, ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে- রাজশাহী বিশ্ববিদ্যালয় সংলগ্ন ধরমপুর পূর্বপাড়া এলাকার একটি বাসা থেকে ছাত্রীকে শ্বাসরোধে হত্যার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, ঘটনার শিকার রিজ্ঞা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী ছিলেন এবং ইসতিয়াক রাবি একই বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র ছিলেন। দুজনের মধ্যে প্রেমের সম্পর্ক থাকায় দুই বছর আগে তাদের পারিবারিকভাবে বিয়ে হয়। এক বছর ধরে তারা ধরমপুর পূর্বপাড়ার ভাড়া বাসায় একসাথে বসবাস করছিলেন। গত ২৯ জুলাই, ২০২২ তারিখ শুক্রবার ইসতিয়াক রাবি গলায় গামছা পেঁচানো অবস্থায় বাসার জানালার সাথে রিজ্ঞাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। এরপর তাকে উদ্ধার করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। চিকিৎসকের ধারণা রিজ্ঞাকে বালিশ কিংবা নরম কিছু দিয়ে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। এ ঘটনায় নিহত রিজ্ঞার বাবা থানায় একটি হত্যা মামলা দায়ের করেছেন।

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি, ছাত্রী, নারী ও কন্যার প্রতি সহিংসতার ঘটনা ঘটেই চলেছে। ফলে নারী ও শিশুর নিরাপত্তা চরমভাবে বিঘ্নিত হচ্ছে এবং আইন শৃঙ্খলা পরিস্থিতিতে বিঘ্নিত করছে। বাংলাদেশ মহিলা পরিষদ শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যকর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছে এবং এরূপ পরিস্থিতিতে বাংলাদেশ মহিলা পরিষদ নারী ও কন্যার নিরাপত্তার বিষয়েও উদ্বিগ্ন প্রকাশ করছে।

উপরোল্লিখিত ঘটনায় বাংলাদেশ মহিলা পরিষদ জড়িতের বিরুদ্ধে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাচ্ছে। একইসাথে ছাত্রীর পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছে। সেইসাথে নারী ও কন্যার প্রতি সহিংসতা এবং সামাজিক অবক্ষয়ের বিরুদ্ধে সারাদেশে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ